সংবাদ

08 MAR 2017
২ ৭

### নিজস্ব ক্যাম্পাসে না যাওয়া

# বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে ব্যবস্থা ও সমস্যা চিহ্নিতকরণে কমিটি

নিজস্ব বার্তা পরিবেশক

আইন অমান্যকারী বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও অন্যান্য সমস্যা চিহ্নিত করার জন্য একটি কমিটি গঠন করেছে সরকার। চার সদস্যের এই কমিটির সুপারিশের ভিত্তিতে সরকারের পাঁচ দফা নির্দেশনা অমান্যকারী বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। পাশাপাশি এই কমিটি সুষ্ঠু ও সুচারুভাবে বেসরকারি বিশ্ববিদ্যালয় পরিচালনায় প্রয়োজনীয় সুপারিশ করবে।

গতকাল শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসির এক যৌথ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয় বলে সভা শেষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের জানান। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) মিলনায়তনে ওই সভা অনুষ্ঠিত হয়। এতে শিক্ষা সচিব সোহরাব হোসাইন, ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান এবং মন্ত্রণালয় ও ইউজিসির ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, কমিটির প্রধান করা হয়েছে ইউজিসির সদস্য অধ্যাপক আখতার হোসেন ও সদস্য নিজস্ব : পৃষ্ঠা : ১৫ ক : ৭

## নিজস্ব : ক্যাম্পাসে

(১ম পৃষ্ঠার পর)

সচিব করা হয়েছে ইউজিসির উপ-পরিচালক জেসমিন পারভীনকে। কমিটির সদস্যরা হলেন ইউজিসির সদস্য অধ্যাপক এম শাহনেওয়াজ আলী ও শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) আব্দুল্লাহ আল হাসান চৌধুরী। এ কমিটি আগামী ৩০ জুনের মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেবে জানিয়ে মন্ত্রী বলেন, এর আগেও তারা সময়ে সময়ে জরুরি ভিত্তিতে সুপারিশ করবে। এর ভিত্তিতে বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। নিজস্ব ক্যাম্পাসে না যাওয়া বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে কী ব্যবস্থা নেয়া হবে, তা ঠিক করতেই গতকাল বৈঠক হয়। বৈঠকে উপস্থিত একাধিক কর্মকর্তা সংবাদকে বলেন, বৈঠকে ৩৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নানা সমস্যার কথা আলোচনা হয়। নির্দিষ্ট সময়ে ক্যাম্পাসে না যাওয়ার প্রতিষ্ঠানের বিরুদ্ধে কী ব্যবস্থা নেয়া যায় তা জানতে চান শিক্ষামন্ত্রী। তখন ইউজিসি কর্মকর্তারা 'বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০' বিভিন্ন ধারা অনুযায়ী তাদের সাময়িক অনুমতি বাতিলসহ বিভিন্ন ব্যবস্থার কথা জানান। একই সঙ্গে আইন লঙ্ঘনকারী প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি বন্ধ, সমাবর্তন ও শিক্ষক নিয়োগ বন্ধ রাখা এবং প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগকৃত ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার নিয়োগ বন্ধ করতে প্রেসিডেন্ট কার্যালয়কে সুপারিশ করা যায়। পরে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে শিক্ষামন্ত্রী, সচিব, ইউজিসির সদস্য আখতার হোসেন আলাদা বৈঠকে বসেন। সেখানে কমিটি গঠনসহ জুন পর্যন্ত সময় বেঁধে দেয়ার সিদ্ধান্ত হয়। এ সময় শিক্ষামন্ত্রী বিশ্ববিদ্যালয় মালিকদের নানা দাবির বিষয় তুলে বলেন, 'তাদের কিছু দাবি যুক্তিসঙ্গত বলে আমার কাছে মনে হয়েছে। এজন্য তাদের আরও কিছু সময় দেয়া প্রয়োজন।'